

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৩৩

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ২১. তৃতীয় অনুচ্ছেদ - অত্যাচার

আরবী

ِعَنْ

عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: الدَّوَاوِينُ ثَلَاثَةُ: دِيوَانٌ لَا يَغْفِرُهُ اللَّهُ: الْإِشْرَاكُ بِإللَّهِ. يَقُولُ اللَّهُ عَزَّ وَجَلَّ (إِنَّ اللَّهَ لَا يَغْفِرُ أَنْ يُشْرَكَ بِهِ) اللَّهُ: الْإِشْرَاكُ بِاللَّهِ. يَقُولُ اللَّهُ عَزَّ وَجَلَّ (إِنَّ اللَّهَ لَا يَغْفِرُ أَنْ يُشْرَكَ بِهِ) وَدِيوَانٌ لَا وَدِيوَانٌ لَا يَتْرُكُهُ اللَّهُ: ظُلْمُ الْعِبَادِ فِيمَا بَيْنَهُمْ حَتَّى يَقْتَصَّ بَعْضُهُمْ مِنْ بَعْضٍ وَدِيوَانٌ لَا يَعْبَأُ اللَّهُ بِهِ ظُلْمُ الْعِبَادِ فِيمَا بِينَهم وبينَ الله فَذَاكَ إِلَى اللَّهِ فَذَاكَ إِلَى اللَّهِ فَذَاكَ إِلَى اللَّهِ عَذَاكَ إِلَى اللَّهِ: إِنْ شَاءَ عَذَبَهُ وَإِن شَاءَ تَجَاوِز عَنهُ

বাংলা

প্রেত্ত-[১১] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ 'আমলনামা তিন প্রকার- ১. ঐ 'আমলনামা, যাকে আল্লাহ তা'আলা ক্ষমা করবেন না। আর তা হলো, আল্লাহ তা'আলার সাথে শরীক করা। আল্লাহ মহীয়ান-গরীয়ান বলেন- (اِنَّ اللهَ لَا يَغْفِرُ أَنْ يُشْرُكَ بِهِ) অর্থাৎ- 'অংশীবাদীদেরকে আল্লাহ তা'আলা ক্ষমা করবেন না'', ২. ঐ 'আমলনামা, যাতে মানুষের পারস্পরিক জুলুম- অত্যাচার লিপিবদ্ধ আছে। সে 'আমলনামাকে আল্লাহ তা'আলা এমনিতেই ছাড়বেন না। এমনকি একজনের কাছ থেকে অপরজনের প্রতিশোধ নেবেন এবং ৩. ঐ 'আমলনামা, যার প্রতি আল্লাহ তা'আলা ক্রক্ষেপ করবেন না। এ 'আমলনামা হলো বান্দা ও আল্লাহ তা'আলার মধ্যকার জুলুম সংক্রোন্ত বিষয়। এটা আল্লাহ তা'আলার ইচ্ছার উপর নির্ভরশীল। যদি তিনি ইচ্ছে করেন, তাকে শাস্তি দেবেন। আর যদি ইচ্ছে করেন, তাকে ক্ষমা করে দেবেন।[1]

ফুটনোট

[1] য'ঈফ: শু'আবুল ঈমান ৭৪৭৩, য'ঈফুল জামি' ৩০২২।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে ''সাদাকা'' নামের বর্ণনাকারী য'ঈফ। আর ইয়াযীদ ইবনু বাবানুস (يُن بَابَنُوسُ بُن بَابَنُوسُ) নামের বর্ণনাকারীর মাঝে অপরিচিত আছে। দেখুন- আল মুসতাদরাক ৮৭১৭।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন